



২০২৬ শিক্ষাবর্ষে ৩য় মেধা তালিকা হতে স্নাতক শ্রেণীতে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮টি অনুষদের ২৩টি ডিগ্রীর জন্য ২০২৬ইং শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ের শিফটভিত্তিক মেধাতালিকা ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে এবং মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে ৩য় বিষয়ভিত্তিক ফলাফল ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের নিজ নিজ প্রোফাইল লগইন করে ফলাফল দেখতে বলা হলো। উক্ত মেধাতালিকায় বিষয় প্রাপ্তদের আগামী ০৪ মার্চ, ২০২৬ তারিখে নিম্নের খাপসমূহ অনুসরণ করে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে বলা হলো।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- এস.এস.সি. পাশের মূল সনদপত্র ও এইচ.এস.সি. পাশের মূল সনদপত্র (যদি থাকে)।
- সর্বশেষ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি।
- কোটার সাপেক্ষে প্রমাণপত্রের মূলকপি জমা দিতে হবে।
- এস.এস.সি. ও এইচ.এস.সি.-এর মূল ট্রান্সক্রিপ্ট।
- পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিঃ ৪ কপি। **ছবি অবশ্যই ল্যাব প্রিন্ট হতে হবে।**
- কক্ষ পরিদর্শকের স্বাক্ষরসহ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের প্রবেশপত্র সাথে আনতে হবে এবং ফটোকপি জমা দিতে হবে। এছাড়াও এইচ.এস.সি.-এর মূল রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শনের জন্য সাথে আনতে হবে।

ভর্তি প্রক্রিয়াঃ

- বিষয়প্রাপ্তদের ০৪ মার্চ, ২০২৬ইং তারিখ সকাল ১০.০০ হতে বিকাল ৩.০০টার মধ্যে প্রার্থীকে স্বশরীরে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে।
- বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদেরকে ওয়েবসাইট (<https://www.admission.hstu.ac.bd>)—এ আবেদনের সময় প্রাপ্ত Applicant ID ও Password দিয়ে লগইন পূর্বক প্রবেশ করে নির্ধারিত ভর্তি ফি জমাদান সাপেক্ষে অনলাইনে ভর্তি ফরম পূরণ করতে হবে। ভর্তি ফরম আগামী ০৩ মার্চ, ২০২৬ তারিখ সন্ধ্যা ৭.০০ টার পর হতে পূরণ করা যাবে। ভর্তির আবেদন ফরম পূরণ শেষে অবশ্যই রজিন প্রিন্ট করতে হবে।
- উল্লিখিত ফরমের প্রিন্টেড কপি শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট ডিন অফিসে আগামী ০৪ মার্চ, ২০২৬ইং বিকাল ৩.০০টার মধ্যে জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে ভর্তি না হলে শিক্ষার্থীর আসনটি ফাঁকা বলে গণ্য হবে। ভর্তির খাপসমূহ পরবর্তীতে জানানো হবে।

ভর্তি ফি ও ফি প্রদান প্রক্রিয়াঃ

- মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে বিষয়প্রাপ্ত শিক্ষার্থীদেরকে মোবাইল ব্যাংকিং সিস্টেম নগদ-এর মাধ্যমে ভর্তি ফি বাবদ সর্বমোট ১৫৯০৫ টাকা (পনেরো হাজার নয়শত পাঁচ টাকা) + মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জসহ জমা দিতে হবে। ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.hstu.ac.bd/admission) —এ পাওয়া যাবে।
- উল্লিখিত মোবাইল ব্যাংকিং ব্যতিরেকে শিক্ষার্থীরা রূপালী ব্যাংক এর যে কোন শাখায় স্বশরীরে হিসাব নং- ৫০৭৪০২০০০০২৩১ (হিসাবের শিরোনামঃ অ্যাডমিশন কমিটি, হাবিপ্রবি) এ সর্বমোট ১৫৯০৫/- (পনেরো হাজার নয়শত পাঁচ টাকা) জমা দিয়ে ভর্তি ফরম ডাউনলোড করতে পারবে। এই ক্ষেত্রে শিক্ষার্থীদের ভর্তি ফি জমাদানের ব্যাংক রশিদ বিশ্ববিদ্যালয়ের আইটি সেল কর্তৃক যাচাই করে নিতে হবে।

Amabuhm




হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর-৫২০০

ফোনঃ ৮৮০-৫৩১-৬১৩৫৫, ফ্যাক্সঃ ৮৮০-৫৩১-৬১৩১১, web: www.hstu.ac.bd

সতর্কীকরণঃ

- ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তির পর আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং মিথ্যা তথ্য প্রদানের বিষয়ে প্রমাণিত হলে শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-


01.03.26

প্রফেসর ড. মোঃ আবু হাসান

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

হাবিপ্রবি, দিনাজপুর-৫২০০